



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd



নং- ৫৪৫/নতুন/ঢাকা ৭৬০

তারিখ : ০৬/০৭/২২

বিষয় : নিম্ন মাধ্যমিক পর্যায়ে পাঠদানের প্রাথমিক অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্র : শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭২.৩৩.০০১.১৭.৪৫৪ তারিখঃ ২১/১২/২০২০ এর নির্দেশনা মোতাবেক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে, ০১/০১/২০২২ হতে ৩১/১২/২০২৪ তারিখ পর্যন্ত মোট ০৩(তিন) বছরের জন্য নিম্ন মাধ্যমিক পর্যায়ে(৬ষ্ঠ-৮ম শ্রেণি) পাঠদানের প্রাথমিক অনুমতি প্রদান করা হলো।

শর্তসমূহ

- আগামী ০১(এক) বছরের মধ্যে প্রতিষ্ঠানের নামে প্রয়োজনীয় পরিমাণ জমি ক্রয় এবং উক্ত জমিতে ভবন নির্মাণ ও প্রতিষ্ঠান স্থানান্তর করতে হবে এবং বোর্ডকে অবহিত করতে হবে।
- এই প্রাথমিক অনুমতিকে কোনক্রমেই বিদ্যালয়ের স্বীকৃতি হিসাবে গণ্য করা যাবে না।
- আগামী ৩০ দিনের মধ্যে প্রবিধান মালা ২০০৯ এর প্রবিধি-৩৮ অনুযায়ী নিবাহী কমিটি গঠন করে অনুমোদন নিতে হবে।
- পরিবেশিত যে কোন তথ্য ভুল বা মিথ্যা প্রমাণিত হলে প্রাথমিক পাঠদানের অনুমতি প্রত্যাহার করা হবে।
- পাঠদানের প্রাথমিক অনুমিতর মেয়াদ উত্তীর্ণের অন্ততঃ ৪ (চার) মাস পূর্বে একাডেমিক স্বীকৃতির জন্য আবেদন করতে হবে।
- বোর্ড কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত বিভিন্ন ফি-এর অতিরিক্ত আদায় করলে এ আদেশ বাতিল হয়ে যাবে।
- নিয়োগকৃত শিক্ষক-কর্মচারী তথা জনবলের বেতন-ভাতাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে।
- আগামী ০৬ (ছয়) মাসের মধ্যে বোর্ডের পরামর্শক্রমে নিজস্ব ওয়েবসাইট ও কনটেন্ট ডেভেলপ করে বোর্ডকে অবহিত করতে হবে।
- সরকারি নীতিমালা অনুযায়ী (নিবন্ধনকৃত) শিক্ষক নিয়োগ করতে হবে এবং পাঠপরিচালনা গ্রহণ করে শ্রেণিকক্ষে পাঠদান করতে হবে।
- বিদ্যালয়ের লেখাপড়ার পাশাপাশি সহ-পাঠক্রমিক-কার্যক্রম(বার্ষিক ক্রীড়ানুষ্ঠান, সাহিত্য ও সাংস্কৃতিক বিষয়ক অনুষ্ঠান, গাইডিং ইত্যাদি) পরিচালনা করতে হবে।
- বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীর সংখ্যা বাড়তে হবে, শ্রেণির শিক্ষা সরঞ্জাম ও বসার ব্যবস্থা আরো উন্নতমানের করতে হবে।
- বিদ্যালয়ের চারদিকে মূল্যবান আরো অধিক বৃক্ষের চারা রোপন করে সংরক্ষণের ব্যবস্থা করতে হবে।
- কোন শর্ত প্রতিপালনে ব্যর্থ হলে সরকার যে কোন সময় এ অনুমোদন বাতিল করতে হবে।
- বেসরকারি বিদ্যালয়ের ক্ষেত্রে প্রচলিত অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে।
- বিদ্যালয় গ্রন্থাগারের মুক্তিযুদ্ধের উপর বিভিন্ন ধরনের বইসহ কমপক্ষে ১০০০(এক হাজার) বই সংরক্ষণ করতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

প্রাপক : অধ্যক্ষ
ন্যাশনাল কলেজ
বাড্ডা, ঢাকা।

স্বঃ
প্রফেসর মোহাম্মদ মনছুর ভূঞা
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা।

মেমো নং- ৭৬০(৭)

তারিখ : ০৬/০৭/২২

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- মহাপরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত, ঢাকা।
- জেলা প্রশাসক, ঢাকা।
- উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।
- পি,এস, টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- অফিস কপি।

বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

০৭/০৭/২০২২